

■■ জাল হাদীছের কবলে রাসূলুল্লাহ (ছাঃ)-এর ছালাত

বিভাগ/অধ্যায়ঃ জামা'আত ও ইমামতি রচয়িতা/সঙ্কলকঃ মুযাফফর বিন মুহসিন

(৯) কাতার পূরণ হওয়ার পর সামনের কাতার থেকে একজনকে টেনে নিয়ে দাঁড়ানো

(৯) কাতার পূরণ হওয়ার পর সামনের কাতার থেকে একজনকে টেনে নিয়ে দাঁড়ানো :

কোন মুছল্লী জামা'আত চলাকালীন এসে যদি কাতার পূর্ণ হওয়া দেখে, তাহলে সে একাকী কাতারের পিছনে দাঁড়িয়ে যাবে। কাতারের মাঝ থেকে টেনে নিবে না এবং কাতারের মাঝে ঢুকে যাবে না। তবে দুইজন ব্যক্তির জামা'আত চলাকালীন যদি তৃতীয় ব্যক্তি আসে, তাহলে ইমামকে পৃথক করার জন্য মুক্তাদীকে পিছনে টেনে নিয়ে দাঁড়াবে অথবা ইমাম নিজেই পৃথক হয়ে যাবেন।[1] উল্লেখ্য যে, পূর্ণ কাতার থেকে টেনে নেওয়ার যে হাদীছ বর্ণিত

হয়েছে তা দুৰ্বল। عَنْ وَابِصِنَةَ بْنِ مَعْبَدٍ قَالَ انْصِنَرَفَ رَسُوْلُ اللهِ وَرَجُلٌ يُصِلِّي خَلْفَ الْقَوْمِ فَقَالَ يَا أَيُّهَا الْمُصِلِّي وَحْدَهُ أَلاَ تَكُوْنُ وَصِلْتَهُ صِنَقًا فَدَخَلْتَ مَعَهُمْ أَوِ اجْتَرَرْتَ رَجُلاً إِلَيْكَ أَنْ ضَاقَ بِكُمُ الْمَكَانُ أَعِدْ صَلاَتَكَ فَإِنَّهُ لاَ صَلاَةَ لَكَ.

ওয়াবেছাহ বিন মা'বাদ (রাঃ) বলেন, একদা রাসূল (ছাঃ) ছালাতের সালাম ফিরিয়ে দেখেন জনৈক ব্যক্তি কাতারের পিছনে ছালাত আদায় করছে। তখন তিনি বললেন, হে একাকী ছালাত আদায়কারী মুছল্লী! তুমি কি কাতারের মধ্যে ঢুকে মুছল্লীদের সাথে মিলিত হতে পারনি? অথবা তুমি কি একজনকে তোমার দিকে টেনে নিতে পারনি। যাতে তোমাদের স্থান সংকীর্ণ হয়ে যায়? তুমি ছালাত পুনরায় আদায় কর। কারণ তোমার এই ছালাত হয়নি। [2] তাহকীক : যঈফ। এর সনদে সারী ইবনু ইসমাঈল নামে একজন দুর্বল রাবী আছে। ইমাম বায়হাকী উক্ত হাদীছ বর্ণনা করে তাকে যঈফ বলেছেন।[3]

জ্ঞতব্য : কাতারে একাকী দাঁড়ালে ছালাত হবে না মর্মে তিরমিযীতে যে হাদীছ বর্ণিত হয়েছে তার অর্থ হল, সামনের কাতারে জায়গা থাকা অবস্থায় কেউ যদি একাকী দাঁড়ায়, তাহলে তার ছালাত হবে না।[4]

ফুটনোট

- [1]. ছহীহ মুসলিম হা/৭৭০৫, ২/৪১৬ পৃঃ, 'যুহদ' অধ্যায়, অনুচ্ছেদ-১৯; মিশকাত হা/১১০৭।
- [2]. ত্বাবারাণী হা/৩৯৪; বায়হাকী, সুনানুল কুবরা হা/৪৯৯২; বুল্গুল মারাম হা/৪১০।
- [3]. বায়হাক্কী, সুনানুল কুবরা হা/৪৯৯২; ইরওয়াউল গালীল হা/৫৪১-এর আলোচনা দ্রঃ, ২/৩২৫ পৃঃ।
- [4]. বিস্তারিত আলোচনা দ্রঃ ইরওয়া হা/৫৪১।



• Source — https://www.hadithbd.com/books/link/?id=1893

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন